দৈনিক বাংলা

তারিখ 03 MAY 1987
পৃষ্ঠা ১ কলাম ৪

১১ মে বৈশাখ ১৩৯৪

12

# বিএসসি ও বিকম পাস পরীক্ষার ফল

(স্টাফ রিপোর্টার)

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৬ সালের বিএসসি পাস ও বিকম পাস পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। পাসের হার বিএসসি ৪৭ দশমিক ৯৬ ও বিকম ৩৪ দশমিক ২। দেশের ত্রিশটি কলেজ থেকে বিকম (পাস) পরীক্ষায় কেউ উত্তীর্ণ হয়নি।

১৯৮৬ সালের বিএসসি (পাস)

## পরীক্ষার ফল

(১ম পৃষ্ঠার পর)

পরীক্ষায় ৫২টি কলেজ থেকে ৬ হাজার দু'শ একজন ছাত্রছাত্রী অংশগ্রহণ করেন। এরমধ্যে ২ হাজার ৯শ ৭৪ জন কৃতকার্য হন। কৃতকার্যদের মধ্যে ৬ জন প্রথম বিভাগ, এক হাজার এক'শ ৮৭ জন দ্বিতীয় বিভাগ এবং এক হাজার ৭'শ ৭৬ জন তৃতীয় বিভাগ লাভ করেন।

বিএসসি পাস পরীক্ষায় প্রথম বিভাগ লাভ করেছেন ঢাকার কবি নজরুল সরকারী কলেজ থেকে ২ জন, ইডেন কলেজ থেকে ১ জন, মুন্সীগঞ্জ সরকারী হরগঙ্গা কলেজ থেকে ১ জন, গাফরগাঁও কলেজ থেকে ১ জন এবং নাসিরাবাদ কলেজ থেকে ১ জন মোট ৬ জন।

১৯৮৬ সালের বিএসসি (পাস) পরীক্ষায় সবচেয়ে কম পাস করেছে সরকারী জগন্নাথ কলেজ থেকে।

বিকম পাস পরীক্ষায় মোট ৫ হাজার ৮শ ৪২ জন পরীক্ষার্থীর মধ্যে ১ হাজার ৯শ ৯৮ জন কৃতকার্য হন।

এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৬ সালের বিএসসি সাবসিডিয়ারী, বিকম সাবসিডিয়ারী, বিএসসি সার্টিফিকেট কোর্স এবং বিএসসি (পাস) গার্হস্থ্য অর্থনীতি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে।